



## বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা।

ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন এন্ড পাবলিকেশন

ক্রমিক নং- ০৫/২০২৪-৯৬

তারিখ : ০৫ মার্চ, ২০২৪

## প্রেস বিজ্ঞপ্তি

প্রধান বার্তা সম্পাদক  
ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া  
ঢাকা।

### হিজরি ১৪৪৫ (২০২৪ খ্রিষ্টাব্দ) সালের পবিত্র রমজান মাসের অফিস সময়সূচি নির্ধারণ প্রসঙ্গে

১। হিজরি ১৪৪৫ (২০২৪ খ্রিষ্টাব্দ) সালের পবিত্র রমজান মাসে বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক-কোম্পানীর অফিস ও লেনদেনের সময়সূচি হবে নিম্নরূপঃ


কার্যদিবস	অফিস সময়সূচি	লেনদেনের সময়সূচি
রবিবার হতে বৃহস্পতিবার	সকাল ৯:৩০ ঘটিকা হতে অপরাহ্নে ৪:০০ ঘটিকা পর্যন্ত (দুপুর ১:১৫ ঘটিকা হতে ১:৩০ ঘটিকা পর্যন্ত যোহরের নামাজের বিরতিসহ)	সকাল ৯:৩০ ঘটিকা হতে অপরাহ্নে ২:৩০ ঘটিকা পর্যন্ত
শুক্রবার ও শনিবার	সাপ্তাহিক ছুটি	-

২। যোহরের নামাজের জন্য দুপুর ১:১৫ ঘটিকা হতে ১:৩০ ঘটিকা পর্যন্ত বিরতি নির্ধারণ করা হলেও রমজান-পূর্ব সময়ের ন্যায় নিয়মানুযায়ী অভ্যন্তরীণ সমন্বয়ের মাধ্যমে লেনদেনের কাজ অব্যাহত থাকবে।

৩। পবিত্র রমজান মাস অতিবাহিত হওয়ার পর ব্যাংকের অফিস ও লেনদেনের সময়সূচি রমজান-পূর্বাবস্থায় ফিরে আসবে।

জাতীয় স্বার্থে উল্লিখিত প্রেস বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য বিশেষ অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

  
(সাইদা খানম)

পরিচালক (এক্স ক্যাডার-প্রকাশনা) ও সহকারী মুখপাত্র  
ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন এন্ড পাবলিকেশন  
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।

টেলিফোন: ৯৫৩০৩০০;

E-mail: sayeda.khanam@bb.org.bd